

ঢাবিতে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ক কমিটি

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৪ নভেম্বর,
২০২৪ ২১:৪২

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে
প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ দেওয়ার জন্য কমিটি গঠন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৪ নভেম্বর) রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে ‘বিশেষ’ এই কমিটির বিষয়ে জানানো হয়।

সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

কমিটির অন্য সদস্যরা হলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) সাবেক চেয়ারম্যান ও ঢাবির উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড.এন. তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা।

এই কমিটি প্রয়োজনে আরো ৩জন সদস্যকে কো-অপট করতে পারবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।